গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

বিষয় : মে ২০২১ মাসে ভার্চুয়াল প্লাটফর্মে (Zoom Apps) এর মাধ্যমে অনুষ্ঠিত জেলা রাজস্ব সম্মেলনের কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ রেজাউল করিম
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

সভার স্থান : সম্মেলনকক্ষ,জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।

সভার তারিখ : ২৩ মে, ২০২১। সময়: বেলা ১২.৩০ টা।

বিবেচ্য মাস : মার্চ,২০২১

সভায় Zoom Apps এর মাধ্যমে সংযুক্ত সদস্যগণের নামের তালিকা : পরিশিষ্ট ‘‘ক’’ দ্রষ্টব্য।

করোনা ভাইরাসজনিত (COVID-19) এর বিস্তার ও প্রাদুর্ভাবের কারণে সৃষ্ট পরিস্থিতিতে ভার্চুয়াল প্লাটফর্মে (Zoom Apps) এর মাধ্যমে সংযুক্ত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতেই চলমান বৈশ্বিক মহামারী করোনা পরিস্থিতির দ্বিতীয় ঢেউ (SECOND WAVE) মোকাবেলায় সামাজিক দুরুত্ব বজায় রেখে সরকারি নির্দেশনা মোতাবেক স্ব স্ব দায়িত্ব পারস্পরিক সহযোগিতা,সৌহার্দ্যপূর্ণ আন্তরিক পরিবেশ বজায় রেখে সুষ্ঠ, সুন্দর ও যথাযথভাবে পালনের জন্য সকলের সহযোগিতা কামনা করা হয়। মাঠ পর্যায়ে রাজস্ব প্রশাসনের সকল প্রতিবন্ধকতা দূর করে আধুনিক ভূমি ব্যবস্থপনার সেবা নিশ্চিত করার লক্ষ্যে সভায় বিশেষ গুরুত্বারোপ করা হয়। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। সভাপতির অনুমতিক্রমে রেভিনিউ ডেপুটি কালেক্টর,কুড়িগ্রাম গত ২৭/০৪/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে প্রদর্শন করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম,সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম এবং সংশ্লিষ্ট সকল সচেষ্ট আছেন মর্মে সভায় অবহিত করা হয়। কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও এজেন্ডাভিত্তিক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

১। রাজস্ব সংস্থাপন সংক্রান্ত:

রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম সভাপতির অনুমতিক্রমে এ জেলায় রাজস্ব প্রশাসনের বিভিন্ন স্তরে কর্মরত জনবল ও জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহের শূন্যপদ সংক্রান্ত তথ্য সভায় ছক আকারে উপস্থাপন করেন:

| অফিসের নাম | পদের নাম/শ্রেণি | মঞ্জুরীকৃত পদ | কর্মরত পদের সংখ্যা | শূন্য পদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা | সহকারী প্রকৌশলী (১ম শ্রেণি) | ১ | - | ১ | |
| | উপ-সহকারী প্রকৌশলী | ১ | ১ | - | |
| | কানুনগো (২য় শ্রেণি) | ১ | - | ১ | |
| | ৩য় শ্রেণি | ১৫ | ০৩ | ১২ | ড্রাফটস্ম্যান,সার্ভেয়ার ও অফিস সহকারী পদ শূন্য। |
| | ৪র্থ শ্রেণি | ১১ | ১১ | - | |
| জেলা প্রশাসকের কার্যালয়ের এল, এ শাখা | অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা (১ম শ্রেণী) | ১ | ১ | - | |
| | কানুনগো (২য় শ্রেণি) | ২ | ১ | ১ | |
| | ৩য় শ্রেণি | ৮ | ৩ | ৫ | অফিস সহকারী ও সার্ভেয়ার এর পদ শূন্য। |
| | ৪র্থ শ্রেণি | ১২ | ৫ | ৭ | |
| উপজেলা ভূমি অফিস (৯)টি | সহকারী কমিশনার (ভূমি) | ৯ | ৫ | ৪ | নাগেশ্বরী,ফুলবাড়ী,চিলমারী ও চর রাজিবপুর উপজেলায় পদ শূন্য |
| ,, | কানুনগো | ৯ | ১ | ৮ | |
| | সার্ভেয়ার | ৯ | ৫ | ৪ | |
| উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিস | ৩য় শ্রেণি | ২৭৬ | ১৪৫ | ১৩১ | ইউঃ ভূমি সহঃ কর্মকর্তা/ ইউঃ ভূমি উপঃ সহঃ কর্মকর্তা/অফিস সহকারী/সমপর্যায়ের পদ শূন্য |
| | ৪র্থ শ্রেণি | ২০২ | ১৬১ | ৪১ | প্রসেস সার্ভার,অফিস সহায়ক ও চেইনম্যন পদ শূন্য |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| রেভিনিউ ডেপুটি কালেক্টর,কুড়িগ্রাম জানান ৩য় শ্রেণীর ৩১ (একত্রিশ)টি পদে নিয়োগের ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির জন্য এ কার্যালয়ের ০৭ জানুয়ারি ২০২১ তারিখের ৩১.৪৭.৪৯০০.০০৬.০১.১২৩.১৯.৩৬ নম্বর স্মারকে ভূমি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু মন্ত্রণালয় হতে অদ্যাবধি পুনঃ মেয়াদ বৃদ্ধির কোন আদেশ/নির্দেশনা পাওয়া যায়নি। ভূমি মন্ত্রণালয়ের ০৭/০৪/২০২১ তারিখের ৩১.০০.০০০০. ০৪৬. ১১.০০৭.১৯. ২০২ নম্বর স্মারকে ৪র্থ শ্রেণীর অফিস সহায়কের ১৯ (উনিশ) টি পদের নিয়োগের ছাড়পত্রের মেয়াদ আগামী ২২/০৮/২০২১ তারিখ পর্যন্ত বৃদ্ধির অনুমোদন পাওয়া গেছে। | রাজস্ব শাখাসহ ভূমি অফিসসমূহে কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় রাজস্ব প্রশাসনের গতি ত্বরান্বিত করার লক্ষ্যে এবং রাজস্ব আদায়ের স্বার্থে ৩য় শ্রেণীর ৩১ (একত্রিশ)টি পদের নিয়োগের ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে ও ৪র্থ শ্রেণীর অফিস সহায়কের ১৯ (উনিশ)টি পদের শূন্যপদে নিয়োগের ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির অনুমোদনের আলোকে দ্রুত নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম ও রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম। |

২। শৃঙ্খলা ও বিভাগীয় মামলা সংক্রান্ত:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| এ বিষয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম সভায় জানান, বর্তমানে রাজস্ব প্রশাসনে শৃঙ্খলা বিধির অধীনে ১/১৬, ১/১৭, ২/১৭,৩/১৮,৪/১৮,২/১৯, ১/২০,২/২০ ও ১/২১ নম্বর মোট ০৯ (নয়) টি বিভাগীয় মামলা চলমান রয়েছে। বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট বিধিমালা যথাযথ অনুসরণ করে বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ক্ষেত্রে আরো তৎপর হওয়ার জন্য কর্মকর্তা/কর্মচারীগণকে নির্দেশনা প্রদান করা হয়। | ১। সংশ্লিষ্ট আইন/বিধি যথাযথ অনুসরণ করে চলমান বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম/ রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম ও সংশ্লিষ্ট বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা। |

শৃঙ্খলা ও বিভাগীয় মামলা সংক্রান্ত বিবরণী: এপ্রিল ২০২১

| ক্রঃ নং | নাম ও পদবি | কর্মরত অফিসের নাম | মামলা নং ও দায়েরের তারিখ | তদন্তকারী কর্মকর্তা নিয়োগের স্মারক ও তারিখ | তদন্তকারী কর্মকর্তার নাম ও পদবি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | মোঃ খালেকুজ্জামান ইউঃ ভূমি উপ-সহঃ কর্মঃ | ইউনিয়ন ভূমি অফিস, মোহনগঞ্জ, চর রাজিপুর, কুড়িগ্রাম | ০১/২০১৬ ২০/০৬/১৬ | স্মারক নং-৬৩২ ১৩/০৮/২০২০ | জনাব অভিজিত চৌধূরী সহকারী কমিশনার কুড়িগ্রাম কালেক্টরেট | ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়েছে। |
| ২ | মোঃ আব্দুর রহমান ইউঃ ভূমি উপ-সহঃ কর্মঃ | ইউনিয়ন ভূমি অফিস, কোদালকাটি, চর রাজিবপুর, কুড়িগ্রাম | ০২/২০১৭ ২০/০৯/১৭ | স্মারক নং- ৬৩১ ১৩/০৮/২০২০ | জনাব মোঃ আবুবকর সিদ্দিক সহকারী কমিশনার কুড়িগ্রাম কালেক্টরেট | পুন: তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়া যায়নি। |
| ৩ | মোঃ গোলাম মর্তুজা আল ফারুক ইউঃ ভূমি সহঃ কর্মঃ | ইউনিয়ন ভূমি অফিস, যাদুরচর, রৌমারী, কুড়িগ্রাম | ০১/২০১৭ ২০/০৯/১৭ | স্মারক নং-১৭০ ০১/০২/২০১৮ | জনাব রিন্টু বিকাশ চাকমা সহকারী কমিশনার কুড়িগ্রাম কালেক্টরেট | চূড়ান্ত আদেশের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। |
| ৪ | মোঃ খালেকুজ্জামান ইউঃ ভূমি উপ-সহঃ কর্মঃ | ইউনিয়ন ভূমি অফিস, মোহনগঞ্জ, চর রাজিপুর, কুড়িগ্রাম | ০৪/১৮ ০৫/১২/১৮ | স্মারক নং-৩৫৯ ০৯/০৬/২০২০ | জনাব অভিজিত চৌধূরী সহকারী কমিশনার কুড়িগ্রাম কালেক্টরেট | ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়েছে। |
| ৫ | মোঃ হাবিবুর রহমান ইউঃ ভূমি সহঃ কর্মঃ | ইউনিয়ন ভূমি অফিস, চিলমারী সদর, চিলমারী, কুড়িগ্রাম | ০৩/১৮ ১৯/১১/১৮ | স্মারক নং-১০৪৬ নং-১৫/১১/২০২০ | জনাব মোঃ আবুবকর সিদ্দিক সহকারী কমিশনার কুড়িগ্রাম কালেক্টরেট | তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। |
| ৬ | মোঃ হারুন অর রশীদ ইউ: ভূমি উপ-সহ: কর্মকর্তা | ইউ: ভূমি অফিস, যাত্রাপুর, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম | ০২/১৯ ১৭/০৯/১৯ | স্মারক নং-৩৩১ ০৩/০৬/২০২০ | জনাব তানজিলা তাসনিম সহকারী কমিশনার কুড়িগ্রাম কালেক্টরেট | তদন্ত প্রতিবেদন পাওয়া যায়নি। ইতোমধ্যে ২ টি তাগিদপত্র দেয়া হয়েছে |
| ৭ | মোঃ ফিরোজ আহমেদ অফিস সহায়ক | ইউনিয়ন ভূমি অফিস,কেদার নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১/২০২০ ১৩/০১/২০ | স্মারক নং-৩৪৬(৭) ০৩/০৬/২০২০ | জনাব তানজিলা তাসনিম সহকারী কমিশনার কুড়িগ্রাম কালেক্টরেট | তদন্ত প্রতিবেদন পাওয়া যায়নি। ইতোমধ্যে ৩ টি তাগিদপত্র দেয়া হয়েছে |
| ৮ | মোঃ আব্দুর রাজ্জাক ইউঃ ভূমি সহঃ কর্মঃ | ইউ: ভূমি অফিস, ঘড়িয়ালডাঙ্গা রাজারহাট, কুড়িগ্রাম | ০২/২০২০ ৩১/১২/২০ | - | - | অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জন্য পত্র দেয়া হয়েছে। |
| ৯ | মোছাঃ মেরিনা ইয়াছমিন | ইউনিয়ন ভূমি অফিস, ধরণীবাড়ী উলিপুর, কুড়িগ্রাম | ০১/২০২১ ১৫/০২/২১ | - | - | অভিযোগনামা ও অভিযোগ বিবরণী পাওয়া গেছে। |

**৩। উপজেলা/ ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন সংক্রান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় মাঠ পর্যায়ের উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসসমূহ পরিদর্শন করা এবং পরিদর্শন প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তরসহ এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করা হয়। পরিদর্শন সংক্রান্ত আলোচনায় মাঠ প্রশাসনে নিয়মিত নিবিড় তদারকি,পরিদর্শন ও পর্যবেক্ষণ করা হলে সংশ্লিষ্ট অফিসের সকল কার্যক্রম ও অগ্রগতি মনিটরিং করা সহজতর হবে মর্মে সভায় উল্লেখ করা হয়। করোনা সংক্রমণজনিত পরিস্থিতি'র প্রেক্ষাপটে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক বার্ষিক কর্মপরিকল্পনার আলোকে প্রমাপ অনুযায়ী পরিদর্শনে সতর্ক থাকতে নির্দেশনা প্রদান করা হয়। পরিদর্শনের সময় সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসসমূহের সকল রেজিস্টারসমূহ হালনাগাদ করা হচ্ছে কিনা তা দেখার জন্য অনুরোধ করা হয়। নিজ কার্যালয়সহ অধীনস্থ উপজেলা ভূমি অফিস/ ইউনিয়ন ভূমি অফিসসমূহ নির্ধারিত প্রমাপ অনুযায়ী দর্শন/পরিদর্শন করে পরিদর্শনকৃত অফিসের সার্বিক কর্মকান্ড তুলে ধরে পরিদর্শন প্রতিবেদন ৭ (সাত) কার্যদিবসের মধ্যে ই-মেইলে এবং হার্ডকপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। | ১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিত উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসসমূহ দর্শন/পরিদর্শন কার্যক্রম আরো নিবিড়ভাবে সম্পন্ন করে প্রতিমাসে প্রমাপ অর্জনের জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম/সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রামকে সতর্ক থাকতে হবে।<br>২। পরিদর্শনের সময় সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসসমূহের সকল রেজিস্টারসমূহ হালনাগাদ করা হচ্ছে কিনা তা দেখতে হবে।।<br>৩। কর্মপরিকল্পনার আলোকে প্রমাপ অনুযায়ী নিজ কার্যালয়সহ অধীনস্থ উপজেলা ভূমি অফিস/ইউনিয়ন ভূমি অফিসসমূহ দর্শন/ পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ই-মেইলে, ফ্যাক্স-এ এবং হার্ড কপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>৪। পরিদর্শনকারী কর্মকর্তাকে পূর্বের পরিদর্শনকারী কর্মকর্তার নির্দেশনা প্রতিপালন হয়েছে কিনা তা যাচাই করে দেখতে হবে। | (১-৪)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম /সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, কুড়িগ্রাম। |

## ৪। উপজেলা রাজস্ব সভা সংক্রান্ত: এপ্রিল,২০২১

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম সভায় এপ্রিল ২০২১ মাসের উপজেলা রাজস্ব সভার পরিসংখ্যান উপস্থাপন করেন। এপ্রিল,২০২১ মাসের উপজেলা রাজস্ব সভার কার্যবিবরণী কুড়িগ্রাম সদর, নাগেশ্বরী ও রাজারহাট উপজেলা ব্যতিত অন্যান্য উপজেলা হতে এ কার্যালয়ে পাওয়া যায়নি। অন্যান্য উপজেলা হতে রাজস্ব সভার কার্যবিবরণী এ কার্যালয়ে না পাওয়ায় অসন্তোষ প্রকাশ করা হয়। করোনা সংক্রমণজনিত পরিস্থিতি বিবেচনায় স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/০৮/২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১৫. ৭৩২ নম্বর পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রতিমাসে সকল উপজেলায় উপজেলা রাজস্ব সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করে সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রামকে পুনরায় নির্দেশ প্রদান করা হলো। উপজেলা রাজস্ব সভায় জেলা রাজস্ব সভার গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে আলোচনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রামকে পরামর্শ প্রদান করা হয়। | ১। করোনা সংক্রমণজনিত উদ্ভুত পরিস্থিতিতে স্বাস্থ্য বিধি মেনে মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/০৮/২০১৬ তারিখের ০৪.০০.০০০০. ৫১৩. ১৭.১৮৮, ২০১.৭৩২ নম্বর পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রতিমাসের চতুর্থ সোমবার উপজেলা রাজস্ব সভা অনুষ্ঠানের ধারাবাহিকতা অব্যাহত রাখা এবং সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>২। উপজেলা রাজস্ব সভায় জেলা রাজস্ব সভার গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে আলোচনা করতে হবে।<br>৩। উপজেলা রাজস্ব সভা ফলপ্রসু ও কার্যকরভাবে করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /সহকারী কমিশনার (ভূমি) (সকল) , কুড়িগ্রাম।<br><br>(২-৩)। উপজেলা নির্বাহী অফিসার (সকল)/সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

**উপজেলা রাজস্ব সভা সংক্রান্ত বিবরণী: এপ্রিল ২০২১**

| ক্র: নং | উপজেলা | উপজেলা রাজস্ব সম্মেলনের তারিখ | সভার কার্যবিবরণীর স্মারক ও তারিখ | সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রাপ্তির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | কুড়িগ্রাম সদর | ০১/০৪/২০২১ | ৩১.০২.৪৯৫২.০০০.০৪.০০৬.২০.২৫৮(১২), তারিখ: ০৪/০৪/২০২১ | ০৮/০৪/২০২১ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ২ | নাগেশ্বরী | ০১/০৪/২০২১ | ৩১.০২.৪৯৬১.০০০.০৩.০০১.২০.৩৯৬(২০) তারিখ: ১৩/০৪/২০২১ | ১৩/০৪/২০২১ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৩ | ভূরুঙ্গামারী | - | - | - | সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। |
| ৪ | ফুলবাড়ী | - | - | - | সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। |
| ৫ | রাজারহাট | ১২/০৪/২০২১ | ৩১.০২.৪৯৬১.০০০.০৩.০০১.২০.১৪৮(২০) তারিখ: ১৯/০৫/২০২১ | ১৮/০৫/২০২১ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৬ | উলিপুর | - | - | - | সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। |
| ৭ | চিলমারী | - | - | - | সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। |
| ৮ | রৌমারী | - | - | - | সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। |
| ৯ | চর রাজিবপুর | - | - | - | সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। |

**৫। উপজেলা/ ইউনিয়ন ভূমি অফিস ভবন নির্মাণ/মেরামত সংক্রান্ত: এপ্রিল ২০২১**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপ সহকারী প্রকৌশলী, কুড়িগ্রাম কালেক্টরেট সভায় জানান ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৩৮.২০.০২.১৯.২৬৮,তারিখ: ০৭/১২/২০২০ মোতাবেক ২০২০-২১ অর্থবছরে উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন ভূমি অফিস,পৌর ভূমি অফিস মেরামত/সংস্কার বাবদ প্রাপ্ত =১৮,৩৪,৮৬০/-(আঠার লক্ষ চৌত্রিশ হাজার আটশত ষাট) টাকা ইতোমধ্যে সহকারী কমিশনার (ভূমি)(সকল),কুড়িগ্রাম এর নিকট হতে প্রাপ্ত মেরামত সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন ভূমি অফিস,পৌর ভূমি অফিস এর তালিকার ভিত্তিতে বরাদ্দ বিভাজন করা হয়েছে।পরবর্তিতে ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং-৩১.০০.০০০০.০৩৮.২০.০২.১৯.১৭, তারিখ:০৯/০২/২০২১ মোতাবেক উপজেলা ভূমি অফিস,ইউনিয়ন ভূমি অফিস,পৌর ভূমি অফিস মেরামত/সংস্কার বাবদ প্রাপ্ত =২৮,০২,৪৪০/-(আটাশ লক্ষ দুই হাজার চারশত চল্লিশ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। ভূরুঙ্গামারী ও রৌমারী উপজেলা হতে মেরামত/সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/ইউনিয়ন ভূমি অফিসের তালিকা এখনও এ কার্যালয়ে পাওয়া যায়নি। হস্তান্তরের অপেক্ষায় থাকা ভবনসমূহের হস্তান্তর কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলকে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ১।পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ এবং ভূমি মন্ত্রণালয়ের প্রেরিত বরাদ্দ পত্রের শর্তানুযায়ী মেরামত/ সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/ ইউনিয়ন ভূমি অফিস ও পৌর ভূমি অফিসের মেরামত/সংস্কার কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে।<br>২। হস্তান্তরের অপেক্ষায় থাকা ভবনসমূহের হস্তান্তর কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | (১-২। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম/সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম/উপ-সহকারী প্রকৌশলী,কুড়িগ্রাম কালেক্টরেট, কুড়িগ্রাম। |

**৬। নামজারি মোকদ্দমা সংক্রান্ত: এপ্রিল,২০২১**

### আলোচনা

**নামজারি ও জমাভাগ মোকদ্দমার বিবরণী (১ম ভাগ)**

| উপজেলা | বিগত মাস পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অনিষ্পন্ন কেসের সংখ্যা | চলতি মাসে দায়েরকৃত কেসের সংখ্যা | মোট নামজারী/ জমাভাগ কেসের সংখ্যা | চলতি মাসে নিষ্পত্তিকৃত কেসের সংখ্যা | অনিষ্পন্ন কেসের সংখ্যা ২৮ দিনের নিম্নে |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| কুড়িগ্রাম সদর | ৩৬৩ | ১২৩ | ৪৮৬ | ১২৬ | ৩৬০ |
| নাগেশ্বরী | ২২১ | ৭৬ | ২৯৭ | ১৭ | ২৮০ |
| ভূরুঙ্গামারী | ১৪০ | ১২৫ | ২৬৫ | ১৪০ | ১২৫ |
| ফুলবাড়ী | ৪০৪ | ৮১ | ৪৮৫ | ৯৪ | ৩৯১ |
| রাজারহাট | ৫৮০ | ৬৫ | ৬৪৫ | ৫০ | ৫৯৫ |
| উলিপুর | ১২২০ | ৩০০ | ১৫২০ | ১০০ | ১৪২০ |
| চিলমারী | ১৫০ | ১৫০ | ৩০০ | ২০ | ২৮০ |
| রৌমারী | ২০৫ | ২০০ | ৪০৫ | ১৫০ | ২৫৫ |
| চর রাজিবপুর | ১৬৪ | ৮৬ | ২৫০ | ৭৫ | ১৭৫ |
| সর্বমোট= | ৩৪৪৭ | ১২০৬ | ৪৬৫৩ | ৭৭২ | ৩৮৮১ |

**নামজারী ও জমাভাগ মোকদ্দমার বিবরণী (২য় ভাগ)**

| উপজেলা | চলতি মাসে দায়ের কৃত কেসের সংখ্যা | মোট নামজারী /জমাভাগ কেসের সংখ্যা | চলতি মাসে নিষ্পত্তিকৃত কেসের সংখ্যা | | | অনিষ্পন্ন কেসের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | নোটিশ প্রদানের মাধ্যমে অনুমোদন করা হয়েছে | নোটিশ প্রদানের মাধ্যমে নামঞ্জুর/ নথিজাত করা হয়েছে | মোট নিষ্পত্তি কৃত মামলার সংখ্যা | ২৮ দিনের নিম্নে |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| কুড়িগ্রাম সদর | ০০ | ৯৭ | - | ০০ | ০০ | ৯৭ |
| নাগেশ্বরী | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| ভূরুঙ্গামারী | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| ফুলবাড়ী | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| রাজারহাট | ০০ | ০৫ | - | ০০ | ০০ | ০৫ |
| উলিপুর | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| চিলমারী | ০০ | ৫০ | - | ০০ | ০০ | ৫০ |
| রৌমারী | ০০ | ২৫ | - | ০০ | ০০ | ২৫ |
| চর রাজিবপুর | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| সর্বমোট= | ০০ | ১৭৭ | - | ০০ | ০০ | ১৭৭ |

সভায় উপর্যুক্ত বিষয়ে উপস্থাপিত চিত্র অনুযায়ী এপ্রিল ২০২১ মাসে এ জেলায় ১ম খন্ডে ৩৮৮১ টি এবং ২য় খন্ডে ১৭৭ টি মামলা অনিষ্পন্ন রয়েছে। জনস্বার্থে অনিষ্পন্ন মামলাগুলো নির্ধারিত সময়সীমার মধ্যে সঠিকভাবে নিষ্পত্তির বিষয়ে গুরুত্বারোপ করা হয়। ২৮ দিনের উর্ধ্বে অনিষ্পন্ন মামলার তথ্য অর্ন্তভূক্ত করে মাসিক প্রতিবেদন প্রেরণ, উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসে বিভিন্ন আইডিতে পেন্ডিং এবং আর্কাইভের জন্য অপেক্ষমান ২৮ দিনের উর্ধ্বের মামলাসমূহ চিহ্নিত করে নিষ্পত্তির বিশেষ উদ্যোগ গ্রহণ করতে সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রামকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। সরকারি স্বার্থ সংশ্লিষ্টতা যাচাই করত: আবেদনের ক্রম অনুযায়ী নামজারি কার্যক্রম সম্পন্ন করতে সংশ্লিষ্টদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

### সিদ্ধান্ত

১। নামজারি মামলায় ২৮ দিনের উর্ধ্বে অনিষ্পন্ন মামলার তথ্য অর্ন্তভূক্ত করে মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে।

২। উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসে বিভিন্ন আইডিতে পেন্ডিং এবং আর্কাইভের জন্য অপেক্ষমান ২৮ দিনের উর্ধ্বের মামলাসমূহ চিহ্নিত করে নিষ্পত্তির বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে।

৩। সরকারি স্বার্থ সংশ্লিষ্টতা যাচাই করত: নির্ধারিত সময়ের মধ্যে ক্রম অনুযায়ী নামজারি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৪। করোনা ভাইরাস সংক্রমনজনিত বর্তমান পরিস্থিতিতে ই- নামজারি মামলার শুনানী ব্যতিত অন্যান্য কার্যক্রম সম্পন্নের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

৫। নামজারি ১ম খন্ডের মামলার তথ্যের সাথে ই-নামজারি মামলার তথ্যে ভিন্নতা থাকায় তা পরীক্ষান্তে সঠিক তথ্য প্রেরণ করতে হবে।

৬। নামজারি প্রাপ্তিতে জনগণের হয়রানিবিহীন সেবা নিশ্চিত করতে হবে।

৭। কুড়িগ্রাম জেলায় ই-নামজারি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনে সংশ্লিষ্টদের প্রশিক্ষণ প্রদান,ল্যাপটপ ও প্রিন্টারের চাহিদাপত্র ভূমি সংস্কার বোর্ডে প্রেরণ করতে হবে।

### বাস্তবায়ন

(১-৬)। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।

৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কুড়িগ্রাম /উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রাম

**৭ (ক)। ২০২০-২১ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের আদায় (সাধারণ ): এপ্রিল ২০২১**

**আলোচনা**

সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম এর নিকট হতে প্রাপ্ত প্রতিবেদনে চলতি ২০২০-২০২১ অর্থবছরে এ জেলার ভূমি উন্নয়ন করের সাধারণ দাবি ও আদায় বিবরণী নিম্নরুপ:

| উপজেলা | মাস | দাবি | চলতি মাসের আদায় | পুঞ্জিভূত আদায় | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| কুড়িগ্রাম সদর | এপ্রিল/২০২১ | ৬৯০৯৮৪৪ | ১৩৫১৫০ | ৪৫৮০৫৫০ | ৬৬.২৯% |
| | এপ্রিল/২০২০ | ৬৫৯৪৬৬১ | ০০ | ৩৭০২৪৫০ | ৫৬.১৪% |
| নাগেশ্বরী | এপ্রিল/২০২১ | ৪০৬০৯৬১ | ১২৮০২৮ | ৩৫০২০৯৭ | ৮৬.২৪% |
| | এপ্রিল/২০২০ | ৩৭৬৫০৩৫ | ০০ | ২১৫২০০০ | ৫৭.১৬% |
| ভূরুঙ্গামারী | এপ্রিল/২০২১ | ৩২০৪৪৪৩ | ১০০০০০ | ২৮৪৫৫৪২ | ৮৮.৮০% |
| | এপ্রিল/২০২০ | ৩১৬৬৫২৮ | ০০ | ২৪৭৫৬৯১ | ৭৮.১৮% |
| ফুলবাড়ী | এপ্রিল/২০২১ | ২৫৬৯৯৫৮ | ১১১৯৯৯ | ২২৮১১৫৯ | ৮৮.৭৬% |
| | এপ্রিল/২০২০ | ২১২৪৪৩৪ | ০০ | ১৫৫৭৭৯৬ | ৭৩.৩৩% |
| রাজারহাট | এপ্রিল/২০২১ | ৩০১০৪১৭ | ১১৭৬৬৮ | ৩২৯৪৯২১ | ১০৯.৪৫% |
| | এপ্রিল/২০২০ | ২৯৭৯৯২৬ | ০০ | ২৩৮১৮৪৪ | ৭৯.৯৩% |
| উলিপুর | এপ্রিল/২০২১ | ৫২২০৪৩৩ | ৭৫৫৫৬ | ৭৬৪৫৭৪২ | ১৪৬.৪৬% |
| | এপ্রিল/২০২০ | ৪৮৯৭ ০০ | ০০ | ৪১৪৯৬৭৪ | ৮৪.৭৩% |
| চিলমারী | এপ্রিল/২০২১ | ১৪৫০৩৩০ | ৭১৭৩৫ | ২১৩৩৩৮৪ | ১৪৭.১০% |
| | এপ্রিল/২০২০ | ১৫৪৩৫৭৫ | ০০ | ১১৩৩২১৯ | ৭৩.৪২% |
| রৌমারী | এপ্রিল/২০২১ | ৬৪০৬৩৩৯ | ১৭৬৯৯১১ | ৯১৫৭০১৫ | ১৪২.৯৪% |
| | এপ্রিল/২০২০ | ৪১২০৭২০ | ০০ | ৩৬১৮৮২৬ | ৮৭.৮২% |
| চর রাজিবপুর | এপ্রিল/২০২১ | ১৫৩৪১৬৬ | ৩৫০০০ | ২৪৭৬২০০ | ১৬১.৪০% |
| | এপ্রিল/২০২০ | ১৫০২০৭৮ | ০০ | ১০২৬৬৭৭ | ৬৮.৩৫% |
| সর্বমোট | এপ্রিল/২০২১ | ৩৪৩৬৬৮৯১ | ২৫৪৫০৪৭ | ৩৫৩৭১৬৬৩ | ১০৭.২০% |
| | এপ্রিল/২০২০ | ৩০৬৯৪২৫৭ | ০০ | ২২১৯৮১৭৭ | ৭২.৩২% |

সভায় উপস্থাপিত চলতি অর্থ বছরে ভূমি উন্নয়ন করের দাবি ও আদায় বিবরণীর পরিসংখ্যানে দেখা যায় চলতি অর্থ বছরে ভূমি উন্নয়ন করের দাবির বিপরীতে এপ্রিল/২০২১ মাস পর্যন্ত সাধারণের পুঞ্জিভূত আদায় =৩,৫৩,৭১,৬৬৩/- টাকা। আদায়ের হার ১০৭.২০%। এপ্রিল/২০২১ মাস পর্যন্ত ভূমি উন্নয়ন কর আদায়ের নির্ধারিত লক্ষ্যমাত্রা ১০০% রাজারহাট, উলিপুর, চিলমারী, রৌমারী ও চর রাজিবপুর উপজেলা অর্জন করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হলো। ২০২০-২১ অর্থবছরের ভূমি উন্নয়ন করের দাবি মোতাবেক মাসভিত্তিক নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনসহ দাবির ১০০% আদায়ে সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে পরিকল্পনা গ্রহণ করতে পরামর্শ প্রদান করা হয়।

**সিদ্ধান্ত**

১। চলতি ২০২০-২১ অর্থ বছরের নির্ধারণকৃত সাধারণের ভূমি উন্নয়ন করের দাবির বিপরীতে এপ্রিল/২০২১ মাসের মধ্যে ভূমি উন্নয়ন কর আদায়ের বার্ষিক লক্ষ্যমাত্রার ১০০০% অর্জন করতে হবে।

২। ২০১৯-২০২০ অর্থবছরের আদায়কৃত টাকার হিসাব বিবরণী /চালান শতভাগ অনলাইনে যাচাইপূর্বক রেজিস্টারে লিপিবদ্ধ করত: জরুরীভিত্তিতে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

**বাস্তবায়ন**

১। উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম / সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।

২। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।

**৭ (খ)। ২০২০-২১ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের আদায় (সংস্থা): এপ্রিল ২০২১**

**আলোচনা**

চলতি ২০২০-২০২১ অর্থবছরে এ জেলার ভূমি উন্নয়ন করের সংস্থার দাবি ও আদায় বিবরণী নিম্নরুপ:

| উপজেলা | মাসের নাম | দাবি | চলতি মাসে আদায় | পুঞ্জিভূত আদায় | আদায় হার |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| কুড়িগ্রাম সদর | এপ্রিল/২০২১ | ৩৭৮৭৩৮৯ | ০০ | ৪০৮৭০০ | ১০.৭৯% |
| | এপ্রিল/২০২০ | ৩৫৬১৯০৫ | ০০ | ২০৩০৪৫ | ০৫.৭০% |
| নাগেশ্বরী | এপ্রিল/২০২১ | ৩৬৫৫১০১ | ০০ | ৯৮৩৩৮ | ০২.৬৯% |
| | এপ্রিল/২০২০ | ৬০১৩৫৬ | ০০ | ১২০০ | ০০.২০% |
| ভূরুঙ্গামারী | এপ্রিল/২০২১ | ৪৬৩৬৭৯ | ৭৭৯৮ | ৭৫৭৯১ | ১৬.৩৫% |
| | এপ্রিল/২০২০ | ৬০৭৫২২ | ০০ | ০০ | ০০.০০% |
| ফুলবাড়ী | এপ্রিল/২০২১ | ২৯১০৭১ | ৩২৩০ | ১১১৯০০ | ৩৮.৪৪% |
| | এপ্রিল/২০২০ | ২০৯৪৯ | ০০ | ০০ | ০০.০০% |
| রাজারহাট | এপ্রিল/২০২১ | ৩৩৫৩১৬ | ০০ | ৪৬৬০ | ০১.৩৯% |
| | এপ্রিল/২০২০ | ৩৪২৬৭২ | ০০ | ১৪৪৫০ | ০৪.২২% |
| উলিপুর | এপ্রিল/২০২১ | ৬৯৫৪৬৩০ | ০০ | ১৩১০৪৮ | ০১.৮৮% |
| | এপ্রিল/২০২০ | ৭০৮৭১৪৬ | ৭৭৫৭ | ৭৭৫৭ | ০০.১১% |
| চিলমারী | এপ্রিল/২০২১ | ৬১৩৬২৯ | ০০ | ০০ | ০০.০০% |
| | এপ্রিল/২০২০ | ৩১৫১৪২ | ০০ | ২৬০২৪ | ০৮. ৬% |
| রৌমারী | এপ্রিল/২০২১ | ২৫৭৯৪১ | ০০ | ০০ | ০০.০০% |
| | এপ্রিল/২০২০ | ২৪২৫০৫ | ০ | ০০ | ০০.০০% |
| চর রাজিবপুর | এপ্রিল/২০২১ | ৩৩৮৬৪৩ | ০০ | ০০ | ০০.০০% |
| | এপ্রিল/২০২০ | ৩৬৭৯০৫ | ০০ | ২৮২০ | ০০.৭৭ |
| সর্বমোট= | এপ্রিল/২০২১ | ১৬৬৯৭৩৯৯ | ১১০২৮ | ৮৩০৪৩৭ | ০৪.৯৭% |
| | এপ্রিল/২০২০ | ১৩৩৩৫৬৪৬ | ০০ | ২৫৫২৯৬ | ০১.৯১% |

প্রাপ্ত প্রতিবেদন মোতাবেক চলতি অর্থ বছরে এপ্রিল/২০২১ মাস পর্যন্ত আদায় হয়েছে =৮,৩০,৪৩৭/-টাকা। আদায়ের হার ০৪.৯৭%। সংস্থার দাবির সন্তোষজনক আদায়ের নিমিত্ত জোর প্রচেষ্টা চালানোর নির্দেশনা প্রদান করা হয়। বিগত সভার সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ২০২০-২০২১ অর্থবছরে ভূমি উন্নয়ন করের দাবির পরিমাণ উল্লেখপূর্বক উপজেলা পর্যায়ে বিভিন্ন সংস্থা প্রধানদের পত্র প্রেরণ করে অনুলিপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে পুনরায় নির্দেশনা প্রদান করা হলো।

**সিদ্ধান্ত**

১। সংস্থার ভূমি উন্নয়ন কর এর দাবি ১০০% আদায়ের লক্ষ্যে সহকারী কমিশনার (ভূমি(সকল), কুড়িগ্রামকে বিভিন্ন উদ্যোগ ও কর্মপরিকল্পনা অবলম্বনসহ জোর প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

২। মন্ত্রণালয়ভিত্তিক উপজেলা পর্যায়ে বিভিন্ন সংস্থা প্রধানদের দাবির পরিমাণ উল্লেখপূর্বক পত্র প্রেরণ করে অনুলিপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৩। ২০১৯-২০২০ অর্থবছরে আদায়কৃত যাবতীয় টাকা সরকারি কোষাগারে জমা প্রদানের প্রত্যয়নসহ ব্যাংক ও জেলা/ উপজেলা হিসাব রক্ষণ অফিসের সাথে প্রতিপাদন করে /অনলাইনে যাচাই করে ব্যাংক স্টেটমেন্ট /অনলাইন যাচাই প্রতিবেদন প্রেরণ করতে হবে।

**বাস্তবায়ন**

১। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।

২। উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রাম।

## ৮। অর্পিত সম্পত্তির দাবি ও আদায় সংক্রান্ত: এপ্রিল ২০২১

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অর্পিত সম্পত্তির সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে লিজকৃত অর্পিত সম্পত্তির বকেয়া ও হাল দাবি আদায়ের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।আলোচনাকালে দেখা যায় ২০২০-২০২১ অর্থবছরের কুড়িগ্রাম জেলায় লিজকৃত অর্পিত সম্পত্তির দাবি =১৭,৭৬,৭২৩/-(সতের লক্ষ ছিয়াত্তর হাজার সাতশত তেইশ) টাকার বিপরীতে এপ্রিল ২০২১ মাসে শুধুমাত্র ফুলবাড়ী উপজেলায় =৪,৯৪০/- টাকা এবং উলিপুর উপজেলায় =১,২৮০/- টাকা সর্বমোট = =৩৫,৫৪১/- টাকা অর্পিত সম্পত্তির লিজমানি আদায় হয়েছে। পুঞ্জিভূত আদায় =৪,১৮,৫২৬/-টাকা। এপ্রিল ২০২১ মাসে রাজস্ব শাখা,জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম এ সর্বমোট =২৯,৩২১/- টাকা আদায় করা হয়েছে। লিজমানি আদায় অব্যাহত রাখার কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হয়। অর্পিত সম্পত্তি যাতে কোনভাবে বেহাত না হয় সেদিকে সতর্ক থাকার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয় এবং ভিপি সম্পত্তির ডাটাবেজ তৈরির কাজ দ্রুত সম্পন্ন নির্দেশনা প্রদান | ১। অনাদায়ি লিজ মোকদ্দমার তালিকা এবং অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ ট্রাইবুন্যালে মামলাভূক্ত লিজ নথির তালিকা প্রস্তুতপূর্বক এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>২। লিজ নবায়নের ক্ষত্রে সংশ্লিষ্ট লিজিগণকে নোটিশ প্রদান ও ৩ (তিন) বছরের উর্ধ্বে নবায়নের ক্ষেত্রে সরেজমিন তদন্ত করতে হবে।<br>৩। দীর্ঘদিন যাবৎ যে সকল লিজগ্রহিতা লিজমানি প্রদান করছেন না, সে সকল লিজগ্রহিতাকে নিয়মিতভাবে নোটিশ প্রদানপূর্বক প্রয়োজনে বিধি মোতাবেক লিজ বাতিল করত: নতুনভাবে লীজ প্রদান করতে হবে।<br>৪। অর্পিত সম্পত্তির মৌজাভিত্তিক তালিকা হালনাগাদপূর্বক লিজকৃত অর্পিত সম্পত্তির জন্য পৃথক পৃথক তালিকা স্কেচ ম্যাপসহ প্রণয়ন করতে হবে এবং উক্ত তালিকায় লিজিদের ছবিসহ তালিকা /ডাটাবেইস ও হালনাগাদ তথ্য থাকতে হবে। ভি,পি রেজিস্টার হালনাগাদ করতে হবে এবং আদায়ের হার সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে অধিক তৎপর হতে হবে। জেলা ও উপজেলা হতে লিজমানি আদায় অব্যাহত রাখার কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫। আরএস রেকর্ডে ব্যক্তির নামে রেকর্ডভূক্ত অর্পিত সম্পত্তির বিষয়ে বিধি মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৬। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়ালের ২৮০ নং অনুচ্ছেদ মতে ১০,০০০/- টাকা বা তদূর্ধ্ব নিলাম ডাক প্রাপ্ত অর্পিত পুকুর থাকলে তা বিভাগীয় কমিশনার মহোদয়ের অনুমোদনের জন্য এ কার্যালয়ে কেস নথিসহ প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>৭। অর্পিত পুকুরের ডাটাবেস প্রণয়নের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | (১-৪)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>৫। উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (আরএম), কুড়িগ্রাম কালেক্টরেট, কুড়িগ্রাম।<br><br>(৬-৭)।অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

### অর্পিত সম্পত্তির দাবি ও আদায় বিবরণী: এপ্রিল ২০২১

| উপজেলা | তালিকা ভূক্ত অর্পিত সম্পত্তির মোট পরিমাণ (একরে) | লীজকৃত অর্পিত সম্পত্তির মোট পরিমাণ (একরে) | দাবি (২০২০-২১) | | | এপ্রিল ২০২১ মাসে আদায় | | | পুঞ্জিভূত আদায় | | | আদায়ের হার |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বকেয়া | হাল | মোট | বকেয়া | হাল | মোট | বকেয়া | হাল | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| কুড়িগ্রাম সদর (পৌর বহির্ভূত) | | | ২৯৯৬০ | ২৭৮৪ | ৩২৭৪৪ | ০০ | ০০ | ০০ | ১৩৬৩৬ | ৮৪৩৬ | ২২০৭২ | ৬৭.৪১% |
| পৌর এলাকা | | | ১১০৫০৯ | ১২৬৫৩১ | ২৩৭০৪০ | ২৯৩২১ | ০০ | ২৯৩২১ | ১৬৩৬২৮ | ১৩৬৬৮ | ১৭৭২৯৬ | ৭৪.৮০% |
| কুড়িগ্রাম সদর সর্বমোট | ৮৯৩.৫৩৭৪ | ২২.৪৬ | ১৪০৪৬৯ | ১২৯৩১৫ | ২৬৯৭৮৪ | ২৯৩২১ | ০০ | ২৯৩২১ | ১৭৭২৬৪ | ২২১০৪ | ১৯৯৩৬৮ | ৭৩.৯০% |
| নাগেশ্বরী | ৪৯০.৮৬৫ | ২৬.৮০৫ | ৫২০ | ৬০৭১০ | ৬১২৩০ | ০০ | ০০ | ০০ | ২৮৫৩১ | ৬৬২৩১ | ৯৪৭৬২ | ১৫৪.৭৬% |
| ভূরুঙ্গামারী | ২০৯.৯৭ | ১২.২৬ | ৫৩৬৯০ | ৭৮৫৫ | ৬১৫৪৫ | ০০ | ০০ | ০০ | ১১৫৭২ | ১৬১২০ | ২৭৬৯২ | ৪৪.৯৯% |
| ফুলবাড়ী | ৩১৮.৩১ | ১৩.২৮ | ৫৬৭৮১ | ২৬৫৬০ | ৮৩৩৪১ | ৩১২০ | ১৮২০ | ৪৯৪০ | ৯৭০০ | ১২৬৪০ | ২২৩৪০ | ২৬.৮১% |
| রাজারহাট | ৮২.৭৮৭৫ | ০৭.৬৭ | ৪৬৬৫ | ১৫৩৪০ | ২০০০৫ | ০০ | ০০ | ০০ | ১৩৪৭০ | ৮৪৮০ | ২১৯৫০ | ১০৯.৭২% |
| উলিপুর | ১২৯.৮৫০১ | ২৪.৭৪ | ৪৪৩০৮৬ | ৬৯৪৭২ | ৫১২৫৫৮ | ৬৪০ | ৬৪০ | ১২৮০ | ১৯৬৬২ | ১৯৬৬২ | ৩৯৩২৪ | ০৭.৬৭% |
| চিলমারী | ৭.৬৬ | ০৬.৭৮ | ১৪৭৪০ | ১৫৩২০ | ৩০০৬০ | ০০ | ০০ | ০০ | ৫৬৪০ | ৭৪৫০ | ১৩০৯০ | ৪৩.৫৫% |
| রৌমারী | ২৯৭.৫৬৫ | ১৯.১৯৫ | ৪৮৮২০ | ২৫০০০০ | ৭৩৮২০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০.০০% |
| চর রাজিবপুর | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| সর্বমোট= | ২৪৩০.৫৪৫ | ১৩৩.১৯০ | ১২০২১৫১ | ৫৭৪৫৭২ | ১৭৭৬৭২৩ | ৩৩০৮১ | ২৪৬০ | ৩৫৫৪১ | ২৬৫৮৩৯ | ১৫২৬৮৭ | ৪১৮৫২৬ | ২৩.৫৬% |

## ৯। হাট-বাজারের পেরিফেরি সংক্রান্ত: এপ্রিল ২০২১

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উল্লিখিত ছক পর্যালোচনায় এ জেলায় মোট হাট-বাজারের সংখ্যা ১৬৪ টি। বিবেচ্য মাস পর্যন্ত পেরিফেরিভূক্ত হাট-বাজারের সংখ্যা ১৪৮ টি। সভায় উপজেলাভিত্তিক প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় কুড়িগ্রাম সদর উপজেলায় পেরিফেরিভুক্ত নয় এমন ০৮ টি, উলিপুরে ০৬ টি এবং রৌমারীতে ০২ টি সহ মোট ১৬ টি হাটের পেরিফেরি হয়নি। কুড়িগ্রাম সদর উপজেলার ০৮ টি হাটের মধ্যে ০১ টিতে আদালতে মামলা থাকায় ও ০১ টি নদী-ভাঙ্গানকবলিত হওয়ায় পেরিফেরিভুক্ত করণ সম্ভব হয়নি। উপজেলার সকল হাট বাজারের পেরিফেরি ও বর্তমান অবস্থা সরেজমিন পরিদর্শন করে পেরিফেরি হালনাগাদ করার কাজ ত্বরান্বিত করার জন্য এবং যে সমস্ত হাট বাজারের পেরিফেরি অনুমোদিত হয়নি সে সমস্ত হাট বাজারের পেরিফেরি অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করতে সহকারী কমিশনার (ভূমি)(সকল),কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হয়। বাংলা ১৪২৮ সনে ইজারা প্রদান কার্যক্রম নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করত: বাস্তবায়ন/অগ্রগ্রতি প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হলো। | ১। পেরিফেরিভূক্ত না হওয়া হাট-বাজারসমূহ অবিলম্বে পেরিফেরিভুক্ত করতে হবে এবং রেজিস্টার-৬ ভূক্ত কোন হাট-বাজারে হাট না বসলে সে সকল হাট বাজার বিলুপ্ত ঘোষণার রিমিত্ত কার্যক্রর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। ভূমি মন্ত্রণালয়ের বিগত ২৮/০৪/২০১৯ তারিখের ৩১.০০.০০০০. ০৫১.৬৮.০১০.১৮.১০০ নম্বর স্মারকে নতুন হাট ও বাজার স্থাপন/পুরাতন হাট ও বাজার বিলুপ্তি সংক্রান্ত উল্লিখিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।<br>৩। যে সকল হাটবাজারের পেরিফেরি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে সেসকল হাট-বাজারের চান্দিনা ভিটির জমি বন্দোবস্ত কার্যক্রম গ্রহণ করাসহ কেউ অবৈধভাবে দখলে থাকলে বিধি মোতাবেক উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। প্রতিমাসে প্রতি উপজেলা হতে কমপক্ষে ৫টি করে হাট চান্দিনার লাইসেন্স নথির প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>৫। আগামী সভার পূর্বেই প্রতিটি উপজেলা হতে পেরিফেরিভূক্ত হাট-বাজারের নাম,বন্দোবস্তযোগ্য জমির পরিমাণ,অবৈধ দখলদারের সংখ্যা ও অবশিষ্ট জমির পরিমাণ উল্লেখপূর্বক বিস্তারিত তথ্য এ অফিসে প্রেরণ করতে হবে।<br>৬। হাট-বাজারসমূহের নীতিমালা মোতাবেক ইজারাবিহীন হাটসমূহ খাস আদায় অব্যহত রাখা এবং ইজারা প্রদান কার্যক্রমসহ হাট-বাজার সমূহের ইজারালব্ধ অর্থ হতে বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর আদায় করে সংশ্লিষ্ট খাতে জমা প্রদান করা হয়েছে কি না এবং খাস আদায়কৃত অর্থ যথাযথখাতে জমা হচ্ছে কি না তা যাচাই করতে করতে হবে। | (১-২)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম/উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/ রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।<br>(৩-৫)। উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি) (সকল) কুড়িগ্রাম।<br>৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম/উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/ রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম। |

## হাট-বাজার লিজ সংক্রান্ত তথ্য: এপ্রিল/২০২১

| উপজেলা/ পৌরসভা/সিটি কর্পোরেশনের নাম | মোট হাট-বাজারের সংখ্যা | বিবেচ্য মাস পর্যন্ত পেরিফেরি ভূক্ত হাট-বাজারের সংখ্যা | চলতি মাসে পেরিফেরি ভূক্ত হাট-বাজারের সংখ্যা | ইজারা প্রদত্ত হাট-বাজারের সংখ্যা | ইজারাহীন হাট-বাজারের সংখ্যা | খাস আদায় হচ্ছে | ইজারালব্ধ অর্থের পরিমাণ (বাংলা ১৪২৭) | ৫% হারে অর্থ ৭-ভূমি রাজস্ব খাতে জমার পরিমাণ | ২০% হারে অর্থ ৭-ভূমি রাজস্ব খাতের অধীন ৪-হাট-বাজার খাতে জমা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| কুড়িগ্রাম সদর | ২৬ | ১৮ | - | ১৮ | ৮ | ৮ | ২১৫৫০৫২৯ | - | - |
| কুড়িগ্রাম পৌরসভা | ১ | ১ | - | - | - | - | ১৭২৫০০০ | ৮৬২৫০ | - |
| নাগেশ্বরী | ২৪ | ২৪ | - | ২১ | ৩ | ৩ | ৬৯৬১১৯৫ | ৩৪৮০৬০ | ১৩৯২২৩৯ |
| নাগেশ্বরী পৌরসভা | ১ | ১ | - | ১ | - | - | ৭৮০৩৪০০ | ৩৯০১৭০ | - |
| ভূরুঙ্গামারী | ২০ | ২০ | - | ১৮ | ২ | ২ | ৩৩১৬০০৩১ | - | - |
| ফুলবাড়ী | ১৪ | ১৪ | - | ১১ | ৩ | ৩ | ৮২৫১৬২১ | ৪১২৫৮১ | ১৬৫০৩২৪ |
| রাজারহাট | ১৭ | ১৭ | - | ১৫ | ২ | ২ | ৮৮১৬২৮০ | - | - |
| উলিপুর | ৩২ | ২৬ | - | ২৬ | ৬ | ৬ | ৮৭৫২০০৯ | - | - |
| উলিপুর পৌরসভা | ২ | ২ | - | ২ | - | - | ১৫৩১১৩০০ | - | - |
| চিলমারী | ৫ | ৫ | - | ৪ | ১ | ১ | ১৩৫৭৬১৯০ | - | - |
| রৌমারী | ১৭ | ১৫ | - | | | | ২৮৪২১৩০৩ | | |
| চর রাজিবপুর | ৫ | ৫ | - | ৪ | ১ | ১ | ৬৭৭২১০০ | ৩৩৮৬০৫ | ১৩৫৪৪২০ |
| মোট= | ১৬৪ | ১৪৮ | - | ১৩৮ | ২৬ | ২৬ | ১৬১১০০৯৫৮ | ১৫৭৫৬৬৬ | ৪৩৯৬৯৮৩ |

## ১০। জলমহাল সংক্রান্ত: এপ্রিল ২০২১

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় উপস্থাপিত পরিসংখ্যান অনুযায়ী এ জেলায় ২০ (বিশ) একরের উর্ধ্বে মোট জলমহালের সংখ্যা ৫৩টি। তন্মধ্যে উন্মুক্ত ২৩টি এবং বদ্ধ ৩০টি। ইজারাযোগ্য ৩০টি জলমহালের মধ্যে মন্ত্রণালয় হতে উন্নয়ন প্রকল্পের আওতায় ইজারা প্রদানকৃত জলমহালের সংখ্যা ০৫টি। এ কার্যালয় হতে ইজারা প্রদানকৃত জলমহালের সংখ্যা ১০ টি। এ কার্যালয় হতে ইজারা প্রদানযোগ্য জলমহালের সংখ্যা ০৩টি। অবশিষ্ট জলমহালের মধ্যে মামলা চলমান ০৬ টিতে, ভরাট হওয়ার কারণে ইজারা কার্যক্রম বন্ধ রয়েছে ০১ টিতে এবং নদীগর্ভে বিলীন ২ টি। ইজারা প্রদানকৃত ১০ টি জলমহাল হতে ১৪২৭ বাংলা সনের প্রাপ্ত আয় =৮২,৩০,৬৫৯/- টাকা। গোড়কমন্ডল সরোবর (বদ্ধ), ফুলবাড়ী জলমহালটির খাস কালেকশনের মাধ্যমে আদায়কৃত অর্থসরকারি কোষাগারে জমা প্রদান নিশ্চিত করতে হবে। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ অনুযায়ী অইজারাকৃত বদ্ধ জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হল। | ১। স্থানীয় আদালতে যে সকল জলমহাল নিয়ে মামলাবিচারাধীন আছে সেসব মামলার বিষয়ে বিজ্ঞ সরকারি কৌশুলীর সাথে যোগাযোগ করত: দায়েরকৃত মামলাসমূহে রাষ্ট্রপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। জলমহাল ব্যবস্থপনার ক্ষেত্রে সংশ্লিষ্ট আইন,বিধি- বিধান ও নীতিমালা অনুসরণ করতে হবে যাতে স্বার্থান্বেষী গোষ্ঠি জলমহাল নিয়ে অহেতুক মামলা মোকদ্দমা সৃজন করতে না পারে।<br>২। ভিডিওসহ জলমহালসমূহের ডাটাবেইজ প্রণয়ন এবং ছবিসহ খাস/ভিপি পুকুরের তথ্য এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>৩। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ অনুযায়ী জলমহাল ইজারা প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। জনস্বার্থ বিবেচনায় ইজারা হওয়ার পূর্ব পযন্ত বিধি মোতাবেক খাস কালেকশন অব্যাহত রাখতে হবে এবং খাস কালেকশনের মাধ্যমে আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে জমাদান নিশ্চিত করে এ অফিসকে অবহিত করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/ উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রাম/ রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম/সহকারী কমিশনার (আরএম) কুড়িগ্রাম।<br>(২-৩)। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম / রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

## ১১। এল এ কেস সংক্রান্ত: মার্চ ২০২১

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr>
<td>ভূমি অধিগ্রহণ শাখা, কুড়িগ্রাম হতে প্রাপ্ত তথ্য নিম্নরুপ:
<table>
<tr><th colspan="2">মোট এলএ কেসের সংখ্যা</th><th colspan="2">গেজেটে প্রকাশিত এল,এ কেসের সংখ্যা</th><th colspan="2">নামজারীর সংখ্যা</th><th colspan="2">বাতিলকৃত এল,এ কেসের সংখ্যা</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td><td>৬</td><td>৭</td><td>৮</td></tr>
<tr><td>১৯৪৮</td><td>১৯৮২</td><td>১৯৪৮</td><td>১৯৮২</td><td>১৯৪৮</td><td>১৯৮২</td><td>১৯৪৮</td><td>১৯৮২</td></tr>
<tr><td>৩৮৪</td><td>৩৩৩</td><td>১৭৯</td><td>২৯০</td><td>১৩৬</td><td>২৭২</td><td>৬</td><td>১৩</td></tr>
</table>
১৯৪৮ সনের জরুরি হুকুম দখল আইনের আওতায় এবং ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ এর আওতায় পেন্ডিং মামলাসমূহ দুত নিষ্পত্তির বিষয়ে ভূমি অধিগ্রহণ কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করা হয়। পেন্ডিং এল,এ কেসসমূহ প্রচলিত বিধি মোতাবেক নিষ্পত্তির বিষয়ে ভূমি মন্ত্রণালয়, শাখা-৪ হতে গত ১৭/১০/১৯৯৯ ইং তারিখে জারীকৃত স্মারকের ভিত্তিতে ১৯৪৮ সালের আইন এবং ১৯৮২ সালের অধ্যাদেশের আওতায় এল এ কেসের গেজেট প্রকাশনার ব্যবস্থা ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে সম্পন্ন নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে পুনরায় নির্দেশনা প্রদান করা হলো। তাছাড়া জমি অধিগ্রহণ বাবদ ক্ষতিপূরণের অর্থ বিতরণে যাতে কোন অনিয়ম, দুর্নীতি বা কেউ ভোগান্তির শিকার না হয় সে বিষয়ে সতর্ক থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হল।</td>
<td>১। জমি অধিগ্রহণ সংক্রান্ত ১৯৪৮ সালের আইন এবং ১৯৮২ সালের অধ্যাদেশের আওতায় জেলার সকল এল এ কেসের গেজেট প্রকাশের লক্ষ্যেভূমি মন্ত্রণালয়, শাখা-৪ হতে গত ১৭/১০/১৯৯৯ ইং তারিখে জারীকৃত স্মারকের ভিত্তিতে সময়াবদ্ধ পরিকল্পনা প্রণয়ন ও তার বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br>২। ১৯৪৮ সালের জরুরী হুকুম দখল আইনের আওতায় সৃজিত কেসগুলির মধ্যে অনিষ্পত্তি কেসগুলি (প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রয়োজনীয় কাগজপত্র দাখিলের অভাবে) নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। অধিগ্রহণকৃত কোন সম্পত্তি ব্যক্তির নামে নামজারি হয়ে থাকলে তা দুত বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, সংশ্লিষ্ট খতিয়ানের বিপরীতে এল,এ কেস নম্বর লিখতে হবে এবং এল,এ কেস রেজিস্টার হাল নাগাদ রাখতে হবে।<br>৪। জমি অধিগ্রহণ বাবদ ক্ষতিপূরণের অর্থ বিতরণে যাতে কোন অনিয়ম, দুর্নীতি বা কেউ ভোগান্তির শিকার না হয় সে বিষয়ে সতর্ক দৃষ্টি রাখতে হবে।</td>
<td>(১-২)। ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, কুড়িগ্রাম।<br>(২-৩)। সহকারী কমিশনার (ভূমি) (সকল) ,কুড়িগ্রাম/ ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, কুড়িগ্রাম।<br>৪। সংশ্লিষ্ট সকল।</td>
</tr>
</table>

**১২। সরকারি সম্পত্তি সংক্রান্ত দেওয়ানি মামলা: এপ্রিল ২০২১**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় দেওয়ানি ও আপীল মামলা দায়ের ও নিষ্পত্তির বিষয়ে আলোচনা হয়। সহকারী কমিশনার, আরএম শাখা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় এপ্রিল/২০২১ মাস পর্যন্ত খাস জমি সংক্রান্ত মূল মামলা ১২৪৮ টি। অনিষ্পন্ন মামলার সংখ্যা ১২৪৮ টি, আপিল মামলা ১২২ টি। অর্পিত সম্পত্তি সংক্রান্ত মূল মামলা ৮৫৪ টি। অনিষ্পন্ন মামলার সংখ্যা ৮৫৪ টি এবং আপিল ০৭ টি। মামলা নিষ্পত্তির ক্ষেত্রে অধিকতর তৎপর হতে এ সরকারের বিপক্ষে রায় হওয়া মামলাসমূহ যথাসময়ে আপিল দায়ের করে গৃহীত ব্যবস্থা এ কার্যালয়কে অবহিত করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো। | ১। সরকারের পক্ষে রায় হওয়া মামলাভুক্ত সম্পত্তি সরকারের দখলে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। সরকারের বিপক্ষে রায় হওয়া মামলার ক্ষেত্রে সংশ্লিষ্ট আদালতে নির্ধারিত সময়ের মধ্যে যথাশ্রীঘ্র আপিল দায়েরের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। মামলার তালিকা আর এম শাখা হতে সংগ্রহপূর্বক পেন্ডিং এস এফ এর জবাব জরুরি প্রেরণ নিশ্চিৎ করতে হবে।<br>৪। এসএফ প্রেরণের ক্ষেত্রে মালিকানার ধরাবাহিকতা,দখল ইত্যাদি বিষয় উল্লেখ করতে হবে।<br>৫। জেলার দেওয়ানি ও আপীল মামলার রেজিস্ট্রার এর সাথে উপজেলা ভূমি অফিসের রেজিস্টার এবং উপজেলা ভূমি অফিসের রেজিস্টারের সাথে ইউনিয়ন ভূমি অফিসের রেজিস্টার রেজিস্টার হালনাগাদ করতে হবে এবং সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলাসমূহ লাল কালিতে চিহ্নিত করতে হবে। উপজেলাভিত্তিক ভিপি মামলার তথ্য প্রেরণ করতে হবে।<br>৬। নোটিশ/সমনের সাথে আরজির কপি প্রেরণ করতে হবে।<br>৭। দেওয়ানি মামলার নিষ্পত্তির প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম এর নিকট প্রেরণ করতে হবে। | (১-২)। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম ।<br>৩। সহকারী কমিশনার (ভূমি),সকল, কুড়িগ্রাম /বিজ্ঞ সরকারি কৌসুলি / বিজ্ঞ ভিপি কৌশুলী, কুড়িগ্রাম।<br>৪। সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম /সহকারী কমিশনার (আরএম) শাখা / ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা (সকল), কুড়িগ্রাম।<br>৫। সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রাম/ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা (সকল), কুড়িগ্রাম।<br>৬। বিজ্ঞ জিপি/এজিপি (সকল) ও ভিপি কৌশুলী, কুড়িগ্রাম।<br>৭। সহকারী কমিশনার (আরএম) শাখা, কুড়িগ্রাম কালেক্টরেট। |

**১৩। রেন্ট সার্টিফিকেট মামলা সংক্রান্ত : এপ্রিল ২০২১**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় বকেয়া পাওনা আদায়ের স্বার্থে অনিষ্পন্ন রেন্ট সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি এবং ভূমি উন্নয়ন কর আদায় ত্বরান্বিত করতে রেন্ট সার্টিফিকেট মামলা দায়েরের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উপস্থাপিত রেন্ট সার্টিফিকেট মামলার তথ্য পর্যালোচনায় দেখা যায় এপ্রিল ২০২১ মাস পর্যন্ত অনিষ্পত্তিকৃত রেন্ট সার্টিফিকেট মামলার সংখ্যা ১৪২টি, বিপরীতে দাবির পরিমাণ =১৩,৮২,০৩০/- টাকা। কুড়িগ্রাম সদর উপজেলায় ১০ টি, ভূরুঙ্গামারী উপজেলায় ০১ টি,রাজারহাট উপজেলায় ০১ টি,উলিপুর উপজেলায় ০১ টি এবং চিলমারী উপজেলায় ১ টি মামলা নিষ্পত্তি হয়েছে অন্য কোন উপজেলায় মামলা নিষ্পত্তি হয়নি। নিষ্পত্তিকৃত রেন্ট সার্টিফিকেট মামলার আদায় প্রতিবেদন সঠিক করার জন্য সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হল। | ১। স্ব স্ব উপজেলার অনিষ্পন্ন রেন্ট সার্টিফিকেট মামলা নিষ্পত্তিতে অধিকতর মনোযোগী হওয়াসহ মাসিক নিষ্পত্তির লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে।<br>২। সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রামকে আইনানুগ পদ্ধতি অনুসরণপূর্বক অনিষ্পন্ন রেন্ট সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করার কার্যক্রম গ্রহণ করতে হবে এবং কোন হোল্ডিং তামাদি হওয়ার আগেই সার্টিফিকেট মামলা দায়ের করতে হবে।<br>৩। যে সকল ভূমি মালিকগণ দীর্ঘদিন যাবৎ ভূমি উন্নয়ন কর পরিশোধ করেননি তাদের তালিকা প্রস্তুতপূর্বক রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করতে হবে এবং মামলা নিষ্পত্তির লক্ষ্যে ভূমি মালিককে যথাযথভাবে নোটিশ প্রদান করতে হবে।<br>৪। রেন্ট সার্টিফিকেট মামলাভূক্ত জমির নামজারী অনুমোদনের বিষয়ে সতর্ক থাকতে হবে এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহ পরিদর্শনকালে সংশ্লিষ্ট রেজিস্টারসমূহ হালনাগাদ করা আছে কিনা তা যাচাই করতে হবে।<br>৫। রেন্ট সার্টিফিকেট মামলাসমূহ নির্ধারিত তারিখে উপস্থাপিত হচ্ছে কিনা তা উপজেলা ভূমি অফিস পরিদর্শন কালে যাচাই করতে হবে। | (১-৩)। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>(৪-৫)। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

**রেন্ট সার্টিফিকেট মামলার বিবরণী: এপ্রিল ২০২১ মাস**

| উপজেলা | গতমাস পর্যন্ত অনিষ্প ত্তিকৃত রেন্ট সাঃ মাঃ সংখ্যা | চলতি মাসে দায়ের কৃত রেন্ট সাঃ মাঃ সংখ্যা | চলতি মাসে দায়ের কৃত মামলার দাবির টাকার পরিমাণ | মোট রেন্ট সাঃ মাঃ সংখ্যা (২+৩) | মোট রেন্ট সাঃ মাঃ দাবির টাকার পরিমাণ (৩+৪) নং কলামের দাবির টাকার পরিমাণ | চলতি মাসে নিষ্পত্তি কৃত রেন্ট সাঃ মাঃ সংখ্যা | আদায় কৃত টাকার পরিমাণ | জুলাই/২০ হতে চলতি মাস পর্যন্ত পুঞ্জিভূত আদায়কৃত টাকার পরিমাণ | মোট অনিষ্পত্তি কৃত রেন্ট সাঃ মামলার সংখ্যা | মোট অনাদায়ী টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| কুড়িগ্রাম সদর | ৬৭ | ০০ | ০০ | ৬৭ | ৫৪১৪৬৩ | ১০ | ৩৫৪৪০ | ৯৮৭২৯ | ৫৭ | ৫০৬০২৩ |
| নাগেশ্বরী | ০২ | ০০ | ০০ | ০২ | ৭৬৪৮ | ০০ | ০০ | ১৫৬০২৭ | ০২ | ৭৬৪৮ |
| ভূরুঙ্গামারী | ০৩ | ০০ | ০০ | ০৩ | ৮৩০৫ | ০১ | ২৭৭০ | ১৪২৮০ | ০২ | ৫৫৩৫ |
| ফুলবাড়ী | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| রাজারহাট | ০২ | ০৬ | ১৭৭৯০ | ০৮ | ৩৯৫৩৫ | ০১ | ১০৭৬৩ | ৪৬৭৪১ | ০৭ | ২৮৭৭২ |
| উলিপুর | ৫৯ | ০০ | ০০ | ৫৯ | ৫৯৫৭২১ | ০১ | ৫৯৯৭ | ২৩০০৭৪ | ৫৮ | ৫৮৯৭২৪ |
| চিলমারী | ০৪ | ০০ | ০০ | ০৪ | ৬৮৫০ | ০১ | ১২৫০ | ১২৫০ | ০৩ | ৫৬০০ |
| রৌমারী | ০৪ | ০০ | ০০ | ০৪ | ৪০৮৭৫ | ০০ | ০০ | ০০ | ০৪ | ৪০৮৭৫ |
| চর রাজিবপুর | ০৯ | ০০ | ০০ | ০৯ | ১৯৭৮৫৩ | ০০ | ০০ | ০০ | ০৯ | ১৯৭৮৫৩ |
| সর্বমোট= | ১৫০ | ০৬ | ১৭৭৯০ | ১৫৬ | ১৪৩৮২৫০ | ১৪ | ৫৬২২০ | ৫৪৭১০১ | ১৪২ | ১৩৮২০৩০ |

## ১৪। জেনারেল সার্টিফিকেট মামলা সংক্রান্ত: এপ্রিল ২০২১

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| জেনারেল সার্টিফিকেট আদালতগুলোতে মামলা দায়ের ও নিষ্পত্তির পরিসংখ্যান সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপিত পরিসংখ্যানে দেখা যায় যে, এপ্রিল ২০২১ মাস পর্যন্ত মোট মোকদ্দমার সংখ্যা ২৯৮০ টি, বিপরীতে দাবির পরিমাণ =১৬,১৫,৫২,৫৯১/০০ টাকা। এপ্রিল ২০২১ মাসে জেলা প্রশাসকের কার্যালয়,কুড়িগ্রাম এ ১২ টি,কুড়িগ্রাম সদর ১৮ টি,নাগেশ্বরী ০৮ টি, উলিপুর ২৭ টি এবং চিলমারী উপজেলায় ১১ টি সর্বমোট ৭৬ টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। এজন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও জেনারেল সার্টিফিকেট অফিসার, কুড়িগ্রামকে ধন্যবাদ জ্ঞাপন করা হলো। পেন্ডিং মামলাসমূহ নিষ্পত্তির লক্ষ্যে বিস্তারিত আলোচনা করা হয়। | ১। সার্টিফিকেট মামলা নিষ্পত্তি বৃদ্ধির লক্ষ্যে অনিষ্পন্ন মামলার সংখ্যা বিবেচনায় নিয়ে নিষ্পত্তি সংক্রান্ত উপজেলাভিত্তি প্রমাপ নির্ধারণ ও তা নিয়মিতভাবে মনিটরিং এর ব্যবস্থা গ্রহণ এবং নিষ্পত্তি সংক্রান্ত মাসিক তথ্য প্রেরণ করতে হবে।<br>২। ১৫ বছর বা তার উর্ধ্বে অনিষ্পন্ন সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির স্বার্থে ব্যাংক/অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান/ পাওনাদার,খাতক ও আইন প্রয়োগকারী সংস্থার সাথে সমন্বিত উদ্যোগ গ্রহণের মাধ্যমেষান্মাসিক কর্মপরিকল্পনা গ্রহণ ও তার বাস্তবায়ন নিশ্চিত করত: আগামী ৬(ছয়) মাসের মধ্যে মামলাসমূহ নিষ্পত্তির বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৩। সরকারি দাবি আদায় আইন ১৯১৩ অনুযায়ী সরকারি পাওনা আদায়ের লক্ষ্যে অনিষ্পন্ন জেনারেল সার্টিফিকেট মামলাসমূহ হতে সপ্তাহে সুবিধামত ০১ দিন ধার্য করে প্রয়োজনে অতিরিক্ত সময়ে আদালত পরিচালনার মাধ্যমে প্রতিমাসে কমপক্ষে ০৫ টি মামলা নিষ্পত্তি করতে হবে।<br>৪। নিয়মিত উপজেলা কৃষি ঋণ কমিটির সভা করতে হবে।<br>৫। জেনারেল সার্টিফিকেট মামলা নিষ্পত্তিতে অধিকতর তৎপর হতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম /জেনারেল সার্টিফিকেট অফিসার, কুড়িগ্রাম কালেক্টরেট, কুড়িগ্রাম ও সংশ্লিষ্ট সকল।<br>(২-৩)। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /জেনারেল সার্টিফিকেট অফিসার,কুড়িগ্রাম কালেক্টরেট, কুড়িগ্রাম।<br>৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।<br>৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম /জেনারেল সার্টিফিকেট অফিসার,কুড়িগ্রাম কালেক্টরেট, কুড়িগ্রাম। |

**জেনারেল সার্টিফিকেট মামলার বিবরণী: এপ্রিল ২০২১**

| ক্র: নং | উপজেলা | চলতি মাসে দায়ের কৃত কেসের সংখ্যা | দাবিকৃত টাকার পরিমাণ | মোট জেনাঃ সার্টিঃ কেস সংখ্যা | মোট দাবিকৃত টাকার পরিমাণ | চলতি মাসে নিষ্পত্তিকৃত জেনারেল সার্টিফিকেট কেস সংখ্যা | আদায়কৃত টাকার পরিমাণ | মোট অনিষ্পত্তিকৃত জেনারেল সার্টিফিকেট কেসের সংখ্যা | মোট অনাদায়ী টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | জেলা প্রশাসক এর কার্যালয় কুড়িগ্রাম | - | - | ১৫২ | ২৩০২৪৪১৪/০০ | ১২ | ৯৩৯৯০০/০০ | ১৪০ | ২২০৮৪৫১৪/০০ |
| ২ | কুড়িগ্রাম সদর | ২০ | ২০০৩১৫/০০ | ৪৩০ | ৩৬২২৯৭৯/০০ | ১৮ | ১০৫৪৩১০/৭৫ | ৪১২ | ৩৩৩৭২৬৬৯/৭৫ |
| ৩ | নাগেশ্বরী | - | - | ৪১২ | ১৯০৭১৮৯৪/০০ | ০৮ | ১২২১৮৫/০০ | ৪০৪ | ১৮৯৪৯৭০৯/০০ |
| ৪ | ভূরুঙ্গামারী | - | - | ৭৯৫ | ৩৬৬৭২৩২০/০০ | - | - | ৭৯৫ | ৩৬৬৭২৩২০/০০ |
| ৫ | ফুলবাড়ী | - | - | ১৫৩ | ১০৭৭৯৮০৮/০০ | - | - | ১৫৩ | ১০৭৭৯৮০৮/০০ |
| ৬ | রাজারহাট | - | - | ১৬১ | ৭১৭৫৭০৬৫/০০ | - | - | ১৬১ | ৭১৭৫৭০৬৫/০০ |
| ৭ | উলিপুর | - | - | ৩৩৩ | ১৭৬৩৪৯১০/০০ | ২৭ | ৫৫৬৩৬৯/০০ | ৩০৬ | ১৭০৭৮৫৪১/০০ |
| ৮ | চিলমারী | - | - | ৪১৬ | ৭৭৩৩০৫৪/১৩ | ১১ | ১২০৫২৩/৫৯ | ৪০৫ | ৭৬১২৫৩১/১৩ |
| ৯ | রৌমারী | - | - | ৬৯. | ৬৫৮০৭৫৯/৫০ | - | - | ৬৯. | ৬৫৮০৭৫৯/৫০ |
| ১০ | চর রাজিবপুর | - | - | ৩৫ | ১২৬৪৬৭৫/০০ | - | - | ৩৫ | ১২৬৪৬৭৫/০০ |
| | সর্বমোট | ২০ | ২০০৩১৫/০০ | ২৯৫৬ | ১৬৪৩৪৫৮৭৮/৬৩ | ৭৬ | ২৭৯৩২৮৭/০০ | ২৮৮০ | ১৬১৫৫২৫৯১/০০ |

**১৫। মিস মোকদ্দমা সংক্রান্ত: এপ্রিল ২০২১**

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সভায় মিস মোকদ্দমা সংক্রান্ত বিবরণী ছক আকারে উপস্থাপন করেন:-

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম এর নিকট হতে মিস কেস নিষ্পত্তি সংক্রান্ত প্রাপ্ত তথ্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সঠিকভাবে নামজারী কেস নিষ্পত্তি না হওয়ার কারণে মিস কেসের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে মর্মে প্রতীয়মান। সে প্রেক্ষিতে সঠিকভাবে নামজারী কেস নিষ্পত্তির উপর গুরুত্ব দেয়ার জন্য সহকারী কমিশনার(ভূমি)গণকে নির্দেশনা প্রদান ও মিস কেসের সংখ্যা যেনো বৃদ্ধি না পায় সে লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার পরামর্শ প্রদান করা হয়। সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন করে মাসওয়ারি লক্ষ্য নির্ধারণের মাধ্যমে অনিষ্পন্ন মিস কেসসমূহের নিষ্পত্তির হার দ্রুততম সময়ে সন্তোষজনক পর্যায়ে উন্নীত করার জন্য সহকারী কমিশনার (ভূমি) গণকে নির্দেশনা দেয়া হলো। বিলুপ্ত ঘোষিত ‘খ’ তফসিলভুক্ত সম্পত্তির রেকর্ড সংশোধন সংক্রান্ত আবেদনসমূহ মালিকানার ধারাবাহিকতা,দখল ইত্যাদি বিবেচনায় নিয়ে দ্রুত নিষ্পত্তি করতে এবং সংশোধিত খতিয়ানের কপি জেলা রেকর্ডরুমে প্রেরণ করতে সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে নির্দেশ প্রদান করা হলো। মিস মোকদ্দমাগুলি দ্রুত নিষ্পত্তি করার জন্য উপজেলা মাসিক রাজস্ব সভায় আলোচনার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। | ১। সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন করে মাসওয়ারি লক্ষ্য নির্ধারণের মাধ্যমে অনিষ্পন্ন মিস কেসসমূহের নিষ্পত্তির হার দ্রুততম সময়ে সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।<br>২। বিলুপ্ত ‘খ’ তফসিলভূক্ত যে সম্পত্তির কোন দাবিদার নেই অথবা কোন মিসকেস দায়ের হয়নি উক্ত সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুতপূর্বক খাসকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। ত্রুটিপূর্ণ নামজারীর ফলে নামজারী মামলা হতে উদ্ভুত মিস কেসের সংখ্যা যেনো বৃদ্ধি না পায় সে জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৪। বিলুপ্ত ‘খ’ তালিকাভূক্ত সম্পত্তির সঠিকভাবে রেকর্ড সংশোধনের আদেশ দেয়া হয় কি না তা উপজেলা ভূমি অফিস পরিদর্শনকালে দৈবচয়নের ভিত্তিতে ২/১ টি নথি যাচাই/পরীক্ষা করতে হবে।<br>৫। মিস মোকদ্দমাগুলি দ্রুত নিষ্পত্তি করার জন্য উপজেলা মাসিক রাজস্ব সভায় আলোচনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১-৩)। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>৪। সংশ্লিষ্ট সকল।<br>৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

**মিস মোকদ্দমা সংক্রান্ত বিবরণী: এপ্রিল,২০২১**

| ক্র: নং | উপজেলার নাম | পূর্ববর্তী মাস পর্যন্ত অনিষ্পন্ন মিস মোকদ্দমার সংখ্যা | এপ্রিল/২০২১ মাসে দায়েরকৃত মিস মোকদ্দমার সংখ্যা | মোট মিস মোকদ্দমার সংখ্যা | এপ্রিল/২০২১ মাসে নিষ্পত্তিকৃত মিস মোকদ্দমার সংখ্যা | এপ্রিল/২০২১ মাস পর্যন্ত নিষ্পত্তিকৃত মিস মোকদ্দমার সংখ্যা | মোট অনিষ্পন্ন মিস মোকদ্দমার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | কুড়িগ্রাম সদর | ২৯৬ | ০১ | ২৯৭ | ০১ | ৩২ | ২৯৬ |
| ২ | নাগেশ্বরী | ৯০ | ০০ | ৯০ | ০০ | ২৩ | ৯০ |
| ৩ | ভূরুঙ্গামারী | ১৪১ | ০২ | ১৪৩ | ০৩ | ০৮ | ১৪০ |
| ৪ | ফুলবাড়ী | ০৮ | ০০ | ০৮ | ০০ | ০২ | ০৮ |
| ৫ | রাজারহাট | ১৮৮ | ০০ | ১৮৮ | ০০ | ২৫ | ১৮৮ |
| ৬ | উলিপুর | ৪৩ | ০০ | ৮৩ | ০০ | ৫৫ | ৮৩ |
| ৭ | চিলমারী | ০৫ | ০০ | ০৫ | ০০ | ০৪ | ০৫ |
| ৮ | রৌমারী | ৭৬ | ০৯ | ৮৫ | ০৮ | ৬৬ | ৭৭ |
| ৯ | চর রাজিবপুর | ১৫ | ০৩ | ১৮ | ০২ | ০৭ | ১৬ |
| | সর্বমোট= | ৯০২ | ১৫ | ৯১৭ | ১৪ | ২২২ | ৯০৩ |

**১৬। অডিট সংক্রান্ত: এপ্রিল ২০২১**

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>সভায় উপস্থাপিত প্রতিবেদন মতে এ জেলায় রাজস্ব প্রশাসনে এপ্রিল ২০২১ মাস পর্যন্ত অনিষ্পন্ন মোট অডিট আপত্তির সংখ্যা ৪০ টি এবং আপত্তির বিপরীতে জড়িত অর্থের পরিমাণ =১,১৫,৭৬৯/১৮ টাকা। যার উপজেলা ওয়ারী হিসাব বিবরণী নিম্নরুপ:-
<table>
<tr><th>উপজেলা</th><th>গত মাস পর্যন্ত আপত্তির সংখ্যা</th><th>চলতি মাসে প্রাপ্ত আপত্তি</th><th>চলতি মাসে নিষ্পত্তিকৃত আপত্তি</th><th>মোট অনিষ্পন্ন আপত্তির সংখ্যা</th><th>জড়িত টাকার পরিমাণ</th></tr>
<tr><td>কুড়িগ্রাম সদর</td><td>০০</td><td>০০</td><td>০০</td><td>০০</td><td>০০</td></tr>
<tr><td>নাগেশ্বরী</td><td>০৭</td><td>০০</td><td>০০</td><td>০৭</td><td>৪৩২৫৩</td></tr>
<tr><td>ভূরুঙ্গামারী</td><td>০৭</td><td>০০</td><td>০০</td><td>০৭</td><td>১০৯২৮</td></tr>
<tr><td>ফুলবাড়ী</td><td>০০</td><td>০০</td><td>০০</td><td>০০</td><td>০০</td></tr>
<tr><td>রাজারহাট</td><td>০১</td><td>০০</td><td>০০</td><td>০১</td><td>৫০২১</td></tr>
<tr><td>উলিপুর</td><td>০৭</td><td>০০</td><td>০০</td><td>০৭</td><td>১৭৩৯৬</td></tr>
<tr><td>চিলমারী</td><td>০৬</td><td>০০</td><td>০০</td><td>০৬</td><td>৪৮৩৫</td></tr>
<tr><td>রৌমারী</td><td>০৫</td><td>০০</td><td>০০</td><td>০৫</td><td>২০৭২৯</td></tr>
<tr><td>চর রাজিবপুর</td><td>০৭</td><td>০০</td><td>০০</td><td>০৭</td><td>১৩৬০৭/১৮</td></tr>
<tr><td>মোট=</td><td>৪০</td><td>০০</td><td>০০</td><td>৪০</td><td>১১৫৭৬৯/১৮</td></tr>
</table>
অডিট আপত্তির বিষয়ে প্রাপ্ত তথ্য পর্যালোচনায় দেখা যায় এ জেলায় এপ্রিল ২০২১ মাসে কোন উপজেলায় অডিট আপত্তি নিষ্পত্তি হয়নি। অডিট আপত্তির বিষয়ে বক্ষমান জবাব দ্রুত প্রেরণ এবং যে সকল অডিট আপত্তিসমূহ নিষ্পত্তিযোগ্য তার বস্তুনিষ্ঠ জবাব ও প্রতিবেদনের প্রয়োজনীয় সংখ্যক কপিসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি অবিলম্বে প্রস্তুতপূর্বক প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। বিষয়টি সঠিকভাবে মনিটরিং করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রামকে পরামর্শ প্রদান করা হল। পেন্ডিং আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত দ্বি-পক্ষিয় ও ত্রি-পক্ষিয় সভা অনুষ্ঠানের পাশাপাশি উপজেলা মাসিক রাজস্ব সভায় গুরুত্বের সাথে আলোচনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হল।</td>
<td>১। মুজিব বর্ষ উপলক্ষ্যে ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে অবলোপনযোগ্য অডিট আপত্তিসমূহ দ্রুত অবলোপন করতে হবে।<br>২। হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) কর্তৃক খসড়া আপত্তিতে উল্লিখিত অর্থ দায়ী ব্যক্তিগণ যাতে সঙ্গে সঙ্গে সরকারি কোষাগারে জমা প্রদান করেন সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে প্রমাপ অনুযায়ী প্রতি মাসে অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহের জবাব প্রেরণ করতে হবে।<br>৪। প্রতিমাসে যে উপজেলা হতে অডিট আপত্তির ব্রডশিট জবাব পাওয়া যায়, সে সমস্ত ব্রডশিট জবাবের সাথে অনলাইন যাচাই কপি বা প্রযোজ্য ক্ষেত্রে সিটিআর এর কপি প্রেরণ করতে হবে।<br>৫। পেন্ডিং আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত দ্বি-পক্ষিয় ও ত্রি-পক্ষিয় সভা অনুষ্ঠানের পাশাপাশি উপজেলা মাসিক রাজস্ব সভায় গুরুত্বের সাথে আলোচনা করতে হবে।</td>
<td>১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি) (সকল) কুড়িগ্রাম।<br>(২-৪)। রেভিনিউ ডেপুটি কালেক্টর/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।</td></tr>
</table>

**১৭। ইনোভেশন সংক্রান্ত: এপ্রিল ২০২১**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উদ্ভাবনী চিন্তার বিকাশের মাধ্যমে সরকারি দপ্তরে সেবাসমূহকে কিভাবে সহজে,দ্রুত সময়ে সেবাগ্রহীতাদের মাঝে পৌঁছানো যায় সে ব্যাপরে বিস্তারিত আলোচনা করা হয় এবং কোন সরকারি দপ্তরে এক বা একাধিক নতুন উদ্ভাবনী উদ্যোগ থাকলে তা জেলা ইনোভেশন টিমের নিকট প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>জনগণের দোরগোড়ায় ই- সেবা নিশ্চিত করাসহ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে প্রতিটি দপ্তরে ই-সেবা কার্যক্রম বাস্তবায়ন এবং নেতৃত্ব প্রদানের জন্য একসেস টু ইনফরমেশন (এটুআই)প্রোগ্রাম কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির জন্য বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার, ২০১৮ তে বর্ণিত লক্ষ্য ও পরিকল্পনা,সপ্তম/অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা, প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-৪১, বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০, টেকসই উন্নয়ন অভীষ্ট,মুজিব বর্ষ, করোনা ভাইরাস মোকাবেলা এবং সরকারের অন্যান্য নীতিমালা ও কৌশলপত্র ইত্যাদির আলোকে জনগণের দোরগোড়ায় সহজলভ্য সেবা প্রদানের নিমিত্ত ইনোভেশন কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে রাজস্ব প্রশাসনের জেলা ও উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তাকে তাদের স্ব স্ব দপ্তরে ভূমি সেবা প্রাপ্তির বিষয়ে সচেতন করার জন্য এবং ভূমি সেবা বিষয়ে ইনোভেটিভ উদ্যোগ সম্পর্কে সক্রিয় হওয়ার জন্য অনুরোধ করা হলো। | ১। রাজস্ব প্রশাসনের জেলা,উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সরকারি দপ্তরের এক বা একাধিক নতুন উদ্ভাবনী উদ্যোগ থাকলে তা জেলা ইনোভেশন টিমের নিকট প্রেরণ প্রেরণ করতে হবে।<br>২। প্রতিটি দপ্তরে নিজ অধিক্ষেত্রে উদ্ভাবনী চর্চার সহায়ক পরিবেশ তৈরি করতে হবে।<br>৩। জনগণের দোরগোড়ায় সহজলভ্য সেবা প্রদানের নিমিত্ত ইনোভেশন কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে রাজস্ব প্রশাসনের জেলা ও উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তাকে তাদের স্ব স্ব দপ্তরে ভূমি সেবা প্রাপ্তির বিষয়ে সচেতন হতে হবে এবং ভূমি সেবা বিষয়ে ইনোভেটিভ উদ্যোগ সম্পর্কে সক্রিয় হতে হবে। | (১-৩)। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা। |

**১৮। বিবিধ:**

দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে উপজেলা হতে প্রেরিত মাসিক রিপোর্ট- রিটার্ন ও মাসিক রাজস্ব সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের নির্ধারিত সময়ের মধ্যে এ কার্যালয়ের রাজস্ব শাখায় পৌছানো নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়। ভূমি সেবা প্রদানের ক্ষেত্রে পরিলক্ষিত ত্রুটি/সমস্যাদি দূরীকরণার্থে আরও স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধিসহ গুণগত ও মানোন্নয়নের লক্ষ্যে আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(১) কোভিড-১৯ পরিস্থিতিতে মন্ত্রিপরিষদ বিভাগ,স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং ভূমি মন্ত্রণালয় হতে জারিকৃত সর্বশেষ নির্দেশনা মোতাবেক স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

(২) রাজস্ব ব্যবস্থাপনায় সেবা প্রাপ্তির ক্ষেত্রে যাতে কেউ হয়রানি, প্রতারণা বা দূর্ভোগের শিকার না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে বিশেষভাবে নির্দেশনা প্রদান করা হলো। যে কোন ধরণের দায়িত্বহীনতা ও কর্তব্যে অবহেলা সংক্রান্ত বিষয়ে কঠোর নজরদারি ও আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে নির্দেশ প্রদান করা হলো।

(৩) দীর্ঘ মেয়াদে ভূমি উন্নয়ন কর বকেয়া থাকলে রেন্ট সার্টিফিকেট মোকদ্দমা দায়ের করে সময়ানুগ পদ্ধতি অনুসরণপূর্বক মামলা শেষ করার ব্যবস্থা গ্রহণ করার জন্য সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হলো।

(৪) ২০২১-২০২২ অর্থবছরের APA নির্ধারিত সময়সীমার মধ্যে প্রস্তুত করতে হবে। APA এর প্রতিটি কাজ দফাওয়ারি সময়ানুগভাবে সম্পন্ন করতে হবে।

(৫) ভূমি মন্ত্রণালয়,মাঠ প্রশাসন-১ অধিশাখার ১৫/১১/২০২০ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.৬৮.০১৭.১৬.৬৬৭/১ নম্বর স্মারকের আলোকে সনদ প্রাপ্ত বীরমুক্তিযোদ্ধাদের নামজারি ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সম্পন্ন করার জন্য সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। নামজারি মোকদ্দমাসমূহ আগামীতে আরো মনোনিবেশ করে নিস্পত্তির হার বৃদ্ধির জন্য সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে নির্দেশ প্রদান করা হয়।

(৬) আদালতের রায় ডিক্রির পরিপ্রেক্ষিতে রেকর্ড সংশোধন, চূড়ান্ত প্রকাশিত জরিপের রেকর্ডের করণিক ভুল ও প্রতারণামূলক ভুল সংশোধন, পরিত্যক্ত সম্পত্তি সরকারের নামে নামজারি ও রেকর্ডকরণ এবং বিনিময় সম্পত্তি নিস্পত্তি করতে হবে। এ বিষয়ে নিয়মিত মাসিক প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

(৭) অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনায় (office:land.gov.bd) লগ ইন করে নিয়মিতভাবে হটলাইনে প্রাপ্ত অভিযোগ/আপত্তি/মতামত পরীক্ষাকরণ ও নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

(৮) উপজেলা ভূমি অফিসসমূহে প্রত্যাশিত মাত্রায় ই-ফাইলিং কার্যক্রমের এর গতি বাড়িয়ে ই ফাইলিং এর মাধ্যমে চিঠিপত্র নিস্পত্তি করতে হবে।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সংযুক্ত সকলকে মূল্যবান পরামর্শ ও মতামত প্রদানের জন্য তাদেরকে ধন্যবাদ জানিয়ে গৃহিত সিদ্ধান্তসমূহ যথাযথ প্রতিপালনের এবং স্ব স্ব কার্যালয়ে আগত জনসাধারণকে প্রদত্ত সেবার মানোন্নয়নে আরো তৎপর হওয়ার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ রেজাউল করিম)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।
ফোন: ০৫৮১-৬১৬৪৫ (অ:)
ফ্যাক্স: ০৫৮১-৬২৩৭৪ (অ:)
ই-মেইল: dckurigram@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

নম্বর-৩১.৪৭.৪৯০০.০০৬.০৩.০০১.১৮.৭২৭ (৯০)

তারিখ: ০৭ আষাঢ় ১৪২৮ / ২১ জুন ২০২১

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে):

১। সচিব,ভূমি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ৯৮,শহীদ তাজউদ্দীন আহমদ স্মরণি,তেজগাঁও শিল্প এলাকা,ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। উপ-ভূমি সংস্কার কমিশনার,রংপুর বিভাগ,রংপুর।
৫। জোনাল সেটেলমেন্ট অফিসার, রংপুর অঞ্চল,রংপুর।
৬। উপজেলা নির্বাহী অফিসার.........................................(সকল), কুড়িগ্রাম।
৭। আরডিসি/জিসিও/ভূমি অধিগ্রহণ কর্মকর্তা,জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
৮। জেলা রেজিস্ট্রার,কুড়িগ্রাম।
৯। সহকারী কমিশনার (ভূমি)............................................(সকল), কুড়িগ্রাম।
১০। সহকারী কমিশনার .....................................................শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
১১। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
১২। প্রোগ্রামার,জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম ( কার্যবিবরণীটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
১৩। ........................................................................................, কুড়িগ্রাম।
১৪। সহকারী সেটেলমেন্ট অফিসার.........................................(সকল),কুড়িগ্রাম।
১৫। বিজ্ঞ সরকারি কৌসুলি,কুড়িগ্রাম।
১৬। বিজ্ঞ জিপি কৌসুলি, কুড়িগ্রাম।
১৭। হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব),ভূমি মন্ত্রণালয়,কুড়িগ্রাম।
১৮। উপ-সহকারী প্রকৌশলী,রাজস্ব শাখা,জেলা প্রশাসকের কার্যালয়,কুড়িগ্রাম।
১৯। জেলা প্রশাসক,কুড়িগ্রাম মহোদয়ের গোপনীয় সহকারী (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২০। গোপনীয় সহকারী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/ (রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম।
২১। সংস্থাপন সহকারী/জমা সহকারী/বন্দোবস্ত সহকারী/অডিট সহকারী/সায়রাত সহকারী/ভিপি সহকারী,রাজস্ব শাখা,জেলা প্রশাসকের কার্যালয়,কুড়িগ্রাম।
২২। অফিস কপি।

(মোঃ আবুবকর সিদ্দিক)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
কুড়িগ্রাম।
ফোনঃ ০৫৮১-৬১৩১০(অ:)
ই-মেইল: rdckurigram@mopa.gov.bd